গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
জাতীয় রাজস্ব বোর্ড

(কাস্টমস)

প্রজ্ঞাপন

তারিখ: ২৫ জ্যৈষ্ঠ, ১৪৩৩ বঙ্গাব্দ/ ০৮ জুন, ২০২৬ খ্রিষ্টাব্দ

এস.আর.ও. নং- ১৯০-আইন/২০২৬/৪৫/কাস্টমস।— সরকার, কাস্টমস আইন, ২০২৩ (২০২৩ সনের ৫৭ নং আইন) এর ধারা ২৬৩, ধারা ৯৭ এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে, অথরাইজড ইকোনোমিক অপারেটর (স্বীকৃতি প্রদান ও পরিচালনা) বিধিমালা, ২০২৪ এর নিম্নরূপ সংশোধন করিল, যথা:-

উপরি-উক্ত বিধিমালার-

(১) বিধি ৫ এর উপ-বিধি (১) এর দফা (ঙ) এর অনুচ্ছেদ (৬) বিলুপ্ত হইবে।

(২) বিধি ১০ এর উপ-বিধি (১) এর-

(অ) দফা (ক) এর অনুচ্ছেদ (৪) এ উল্লিখিত "২০% (বিশ শতাংশ)" সংখ্যা, চিহ্ন, বন্ধনী ও শব্দগুলির পরিবর্তে "৪০% (চল্লিশ শতাংশ)" সংখ্যা, চিহ্ন, বন্ধনী ও শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(আ) দফা (খ) এর অনুচ্ছেদ (২) এ উল্লিখিত "৩০% (ত্রিশ শতাংশ)" সংখ্যা, চিহ্ন, বন্ধনী ও শব্দগুলির পরিবর্তে "৬০% (ষাট শতাংশ)" সংখ্যা, চিহ্ন, বন্ধনী ও শব্দগুলি প্রতিস্থাপিত হইবে; এবং

(ই) দফা (গ) এর অনুচ্ছেদ (২) এ উল্লিখিত "৫০% (পঞ্চাশ শতাংশ)" সংখ্যা, চিহ্ন, বন্ধনী ও শব্দগুলির পরিবর্তে "৮০% (আশি শতাংশ)" সংখ্যা, চিহ্ন, বন্ধনী ও শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

২। এই প্রজ্ঞাপন ১১ জুন, ২০২৬ খ্রিষ্টাব্দ তারিখে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

স্বাক্ষরিত/-
মোঃ আবদুর রহমান খান এফসিএমএ
সচিব।

Downloaded from www.taxvatpoint.com